# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 30 March, 2025

ঈদযাত্রায় এবার ট্রেনের কোনো টিকিট কালোবাজারি হয়নি বলে দাবি করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব) জাহাঙ্গীর আলম।

আজ রবিবার সকালে ঢাকার কমলাপুর রেলস্টেশন পরিদর্শন শেষে সাংবাদিকদের কাছে তিনি এ দাবি করেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, 'ঈদযাত্রার সময় প্রতি বছর ট্রেনের টিকিট কালোবাজারি সিন্ডিকেট গড়ে ওঠে।এতে রেলওয়ের লোকজনও জড়িয়ে পড়ে।এবার সেটা কঠোরভাবে নজরদারি করা হয়েছে।রেলের কেউ এসবে জড়াতে পারেনি।ফলে যাত্রীদের অসুবিধায় পড়তে হয়নি।

তিনি আরও বলেন, 'শিডিউল বিপর্যয় ছাড়া সময়মতো সব ট্রেন ছেড়ে যাচ্ছে।ভোগান্তিহীন ঈদ যাত্রায় স্বস্তির কথা বলছেন যাত্রীরা।

ঘরমুখো মানুষ স্বস্তিতে বাড়ি ফিরছে উল্লেখ করে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, 'পথে পথে চাঁদাবাজি চলতো, গাড়ি থামানো হতো।সেটা কিন্তু এবার নেই।দুর্নীতিতে জিরো টলারেন্স নীতির কারণেই কেউ এটা করার সুযোগ ও সাহস পায়নি।পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা তৎপর রয়েছে।তারা নির্দেশনা মোতাবেক ভালো কাজ করছেন।সবমিলিয়ে ঈদযাত্রায় আমরা ইতিবাচক ফলাফল পাচ্ছি।

ঈদের জামাত ঘিরে নিরাপত্তার কোনো ঝুঁকি নেই বলেও জানিয়েছেন তিনি।

এরপর সদরঘাট পরিদর্শনে এসে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, 'নৌপথেও এবারের ঈদযাত্রা স্বাস্তিদায়ক।এরইমধ্যে ১০ লাখ যাত্রী নৌপথে গ্রামে গেছেন।ভাড়া নিয়েও কোনো অসন্তোষ নেই।

ঈদ কালোবাজারি রেলওয়ে দুর্নীতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:43

URL: https://www.timestodaybd.com/public/national/193424144